



দুর্যোগপূর্ণ আবহাওয়ার কারণে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে 'খ' ইউনিটে ভর্তির সোমবারের সাক্ষাৎকার স্থগিত করা হয়েছে।

ঢাবির এক সংবাদ বিজ্ঞপ্তিতে রোববার এ কথা জানানো হয়েছে। খবর বাসসের

কলা অনুষদভুক্ত 'খ' ইউনিটে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তির নতুন সময়সূচি অনুযায়ী আগামী ১৬ নভেম্বর শনিবার সকাল ৯টা থেকে সন্ধ্যা পৌনে ৭টা পর্যন্ত মেধাক্রম ১ থেকে ৬০০ পর্যন্ত সাক্ষাৎকার নেয়া হবে।

১৭ নভেম্বর রোববার সকাল ৯টা থেকে সন্ধ্যা পৌনে ৭টা পর্যন্ত মেধাক্রম ৬০১ থেকে ১২০০ পর্যন্ত সাক্ষাৎকার নেয়া হবে।